# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
**Website : www.nubd.info/honours**

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০১৯-(বিশেষ)/২৯/২০২২/৯৯৮৯

তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

## আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি
### (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-line-এ **আগামী ১০/০৫/২০২২ ইং তারিখ থেকে শুরু হবে**। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট **Website:www.nubd.info/honours** এ গিয়ে ফরমপূরণ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে। নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন, বিবরণী ফরমপূরণ, জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্রঃ নং | পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ | টাকা | আবেদন ফরম, বিবরণী ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- | ১০/০৫/২০২২ ইং মঙ্গলবার থেকে ০৪/০৬/২০২২ ইং শনিবার | ০৫/০৬/২০২২ ইং রবিবার রাত্র ১১:৫৯ মি: পর্যন্ত | ০৬/০৬/২০২২ ইং সোমবার সকাল ১০:০০ থেকে ০৭/০৬/২০২২ ইং মঙ্গলবার বিকাল ০৪:০০ পর্যন্ত | ০৮/০৬/২০২২ ইং বুধবার |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | | |
| ০৩ | বিশেষ অন্তর্ভূক্তি ফি (সকল পরীক্ষার্থী জন্য প্রযোজ্য) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- | | | | |
| ০৪ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৪৫০/- | | | | |
| ০৫ | মোট সর্বনিম্ন ফি | ১৫০০/- | | | | |

**বিঃদ্রঃ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের শেষ বারের মত সুযোগ দেওয়া হয়েছে পরবর্তীতে আর পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে না এবং নির্ধারিত সময়ের পরে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।**

০১. **On-line-এর মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী ঃ**

- শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/honours**) এ লগইন করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ করতে পারবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিতে হবে।
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর নাম এবং রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে লিখতে হবে।

০২. **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে, তারা ২০১৯ সালের (বিশেষ) পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- ইনকোর্স ও মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

০৩. পাঠ্যসূচী ঃ

- সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধীত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে।

26/4/22

০৪. কলেজের জন্য করণীয় ঃ

- ❖ আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নিশ্চয়ন করে প্রথমে বিভাগীয় প্রধান অত:পর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
- ❖ প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি প্রবেশপত্র সরবরাহের পর নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগিয়ে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।
- ❖ নিশ্চয়ন সম্পন্ন হলে On-line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
- ❖ ২য় বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।
- ❖ **নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।**

০৫. ফি জমাদানের পদ্ধতি ঃ

- ❖ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/honours**)-থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।
- ❖ সংশ্লিষ্ট কলেজ (**www.nubd.info/honours**)-ওয়েব সাইট অথবা কলেজের ই-মেইল এড্রেস-এ Login করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip -এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ❖ Pay Slip সংগ্রহের জন্য ০৬/০৬/২০২২ ইং তারিখ সোমবার সকাল ১০.০০ টা থেকে ০৭/০৬/২০২২ ইং তারিখ মঙ্গলবার বিকাল ০৪.০০ টা পর্যন্ত সোনালী সেবার Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতীত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭-০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

০৬. বিবরণী ফরম জমা ঃ

- ❖ আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।
- ❖ আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ
  - ❖ **বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রেসমূহের ঠিকানাঃ**

| | | |
|---|---|---|
| ঢাকা বিভাগের জন্যঃ<br>জাতীয় বিশ্বদ্যািলয়, গাজীপুর-১৭০৪।<br>ফোনঃ ০২-৯৯৬৬৯১৫৩১ | আঞ্চলিক কেন্দ্রঃ চট্টগ্রাম<br>এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড নং- ০১, দক্ষিণ খুলসি, চট্টগ্রাম<br>ফোনঃ ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০-৯৪৪৬০৮ | আঞ্চলিক কেন্দ্রঃ রাজশাহী<br>বাড়ী # ৩৫৪, বালিয়া পুকুর, বড় বটতলা, ঘোড়ামারা-রাজশাহী,।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১ |
| আঞ্চলিক কেন্দ্রঃ রংপুর<br>বাড়ী#৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোনঃ০৫২১-৫৬০১৫ | আঞ্চলিক কেন্দ্রঃ খুলনা<br>বাড়ী#২৭৭. রোড#০১,<br>কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ),খুলনা-৯০০০।<br>ফোনঃ ০৪১-৭৩৬৭৬ | আঞ্চলিক কেন্দ্রঃ বরিশাল<br>হোল্ডিং নং#০০০১০০০, ওয়ার্ড নং-১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮ |
| আঞ্চলিক কেন্দ্রঃ সিলেট<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ | | |

০৭. পরীক্ষা পরিচালনা নিয়মাবলী ঃ

- ❖ সংশিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের প্রতি পরীক্ষার্থী ১৫০ (একশত পঁঞ্চাশ) টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমনঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০ (তিনশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।
- ❖ পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nubd.info/honours**) থেকে জানা যাবে।

০৮. ফলাফল ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

০৯. গ্রেডিং সিস্টেম (Grading System)ঃ

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ণ করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point)-এ রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়ণের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও corresponding গ্রেড

পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ-

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40%(less than 40%) | F (Fail) | 0.00 |

পাস নম্বর ঃ

| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) | ৫০ (২ ক্রেডিট) |
|---|---|---|
| পাস নম্বর | 40 | 20 |
| গণনাযোগ্য ক্রেডিট | D | D |

বিঃদ্রঃ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd এবং www.nubd.info/honours) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লিখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০১৯-(বিশেষ)/২৯/২০২২/৯৯৮৯

তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি, অবগতি ও কার্যার্থেঃ

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (এ বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১২। অফিস কপি।

২৬/৪/২২

(মোঃ মোহসীন ইকবাল)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স ২য় বর্ষ শাখা)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯৯৬৬৯১০৫২
ই-মেইল ঃ dch2.nu@gmail.com